# সালমান শাহ হত্যা মামলায় ডনকে ৫ দিনের রিমান্ড



খলনায়ক ডন। ছবি: সংগৃহীত

চিত্রনায়ক সালমান শাহ হত্যা মামলায় গ্রেপ্তার খলনায়ক আশরাফুল হক ডনকে পাঁচ দিনের রিমান্ডে পাঠিয়েছেন আদালত।

বৃহস্পতিবার (২৭ আগস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জুয়েল রানার আদালত সিআইডির সাত দিনের রিমান্ড আবেদনের শুনানি শেষে এ আদেশ দেন।

এর আগে গত ৯ আগস্ট ওমরাহ পালনের উদ্দেশ্যে সৌদি আরব যাওয়ার সময় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ডনকে আটক করে ইমিগ্রেশন পুলিশ। বিদেশযাত্রায় নিষেধাজ্ঞা থাকায় তাকে সিআইডির কাছে হস্তান্তর করা হয়। ওই দিন আদালত তাকে কারাগারে পাঠান। পরে ১২ আগস্ট তার জামিন আবেদনও নামঞ্জুর হয়।

রিমান্ডের পক্ষে রাষ্ট্রপক্ষের আইনজীবী বলেন, সালমান শাহকে কীভাবে হত্যা করা হয়েছিল এবং এর সঙ্গে কারা জড়িত, তা জানতে ডনকে জিজ্ঞাসাবাদ প্রয়োজন। বিদেশযাত্রায় নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও তিনি কার ইন্ধনে বিদেশে যাওয়ার চেষ্টা করেছিলেন, সেটিও তদন্তের বিষয়।

অন্যদিকে ডনের আইনজীবীরা রিমান্ড বাতিলের আবেদন করে বলেন, তিনি পালানোর উদ্দেশ্যে নয়, ওমরাহ পালনের জন্য সৌদি আরব যাচ্ছিলেন। হত্যা না আত্মহত্যা, সেটিই তদন্তের মূল বিষয় উল্লেখ করে রিমান্ডের যৌক্তিকতা নিয়েও প্রশ্ন তোলেন তারা।

রিমান্ড আবেদনে সিআইডি জানায়, মামলার প্রকৃত রহস্য উদ্‌ঘাটন, জড়িত সহযোগীদের শনাক্ত ও গ্রেপ্তার এবং ডনের বিদেশ যাওয়ার চেষ্টার পেছনে কারা ছিল তা জানতে তাকে জিজ্ঞাসাবাদ প্রয়োজন।